# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৫৮

১/ বিবিধ

---

আরবী

يجاء بالأمير الجائر يوم القيامة، فتخاصمه الرعية، يتفلجون عليه، فيقال له: سد عنا ركنا من أركان جهنم

منكر

أخرجه البزار (178 - زوائد ابن حجر) وابن عدي في " الكامل " (ق 29/2) وأبو نعيم في " أخبار أصبهان " (1/140) عن حيان بن أغلب بن تميم حدثنا أبي عن ثابت عن أنس مرفوعا

أورده ابن عدي في ترجمة الأغلب هذا مع أحاديث أخرى وقال

" عامتها غير محفوظة، إلا أنه من جملة من يكتب حديثه "

وروى عن ابن معين أنه قال فيه

" ليس بشيء "

وعن البخاري أنه قال

" منكر الحديث "

والحديث أورده المنذري وقال (3/136)

رواه البزار، وهذا الحديث مما أنكر على أغلب بن تميم

قلت: وابنه حبان بفتح أوله قال أبو حاتم

ضعيف الحديث

বাংলা

১১৫৮। কিয়ামতের দিন অত্যাচারী শাসককে নিয়ে আসা হবে, তার সাথে তার প্রজারা ঝগড়া করবে, তারা তার বিপক্ষে সঠিকভাবে নিজেদের যুক্তিকে দাঁড় করাবে। তখন তাকে বলা হবেঃ আমাদের থেকে জাহান্নামের স্তম্ভসমূহের একটি স্তম্ভ বন্ধ করে দাও।

হাদীসটি মুনকার।

হাদীসটি বাযযার (১৭৮), ইবনু আদী "আল-কামেল" গ্রন্থে (কাফ ২/২৯) ও আবু নুয়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (১/১৪০) হিব্বান ইবনু আগলাব ইবনে তামীম হতে, তিনি তার পিতা হতে, তিনি সাবেত হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

ইবনু আদী আগলাবের জীবনী বর্ণনা করতে গিয়ে অন্যান্য হাদীসের সাথে এ হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ তার অধিকাংশ হাদীস নিরাপদ নয়, তবে তিনি সেই দলের অন্তর্ভুক্ত যাদের হাদীস লিখা যায়।

ইবনু মাঈন হতে তার ব্যাপারে বর্ণিত হয়েছে তিনি বলেনঃ তিনি কিছুই না। ইমাম বুখারী তার সম্পর্কে বলেনঃ তিনি মুনকারুল হাদীস।

হাদীসটি হাফিয মুনযেরী উল্লেখ করে বলেছেনঃ হাদীসটি বাযযার বর্ণনা করেছেন এবং এ হাদীস সেই সব হাদীসের অন্তর্ভুক্ত যেগুলো আগলাব ইবনু তামীমের বিপক্ষে প্রত্যাখ্যান করা হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ তার ছেলে হাব্বান সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72037

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন